

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.minland.gov.bd

স্মারক নং-৩১.০০.০০০০.০৩৭.০৩.১০৪.২০১৭-৩৭১


তারিখ: ০৯/১১/২০১৭খ্রিঃ

বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা(Grievance Redress System-GRS) সংক্রান্ত নিষ্পত্তিকৃত অভিযোগের তালিকা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ের অক্টোবর-২০১৭ মাসের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (Grievance Redress System-GRS) সংক্রান্ত সমন্বিত প্রতিবেদন নির্ধারিত ছকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা		মোট(১+২)	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	মন্তব্য
পত্র/দরখাস্ত যোগে	অনলাইনে					
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
০৬	০৩	০৯	০৯		০০	
				<p>১. নুরজাহান বেগম-এর পক্ষে জনাব এস.এম সোহরাব হোসেন, ১৩৫/এ, নয়াতলা বাজার, ঢাকা কর্তৃক নির্ধারিত অর্থ পরিশোধের পরেও ভাষানটেক পুনর্বাসন প্রকল্পের ফ্ল্যাট নং: ১৮২৭ না পাওয়ার বিষয়ে আনীত অভিযোগ তদন্তপূর্বক বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করে পত্র প্রাপ্তির ৩০ কর্মদিবসের মধ্যে অবহিত করার জন্য প্রকল্প পরিচালক, ভাষানটেক পুনর্বাসন প্রকল্প-কে অনুরোধ করা হয়েছে।</p> <p>২. জনাব মাধব গোস্বামী, দধীঘাটা, রাওয়াইল, ধামরাই, ঢাকা-কে দলিল উত্তোলনের নিমিত্ত সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রার অফিস/জেলা রেজিস্ট্রার অফিসে অনুসন্ধান করার জন্য পরামর্শ প্রদান করা হয়েছে।</p> <p>৩. জনাব সাইদুল ইসলাম ডেমরা থানার কোনাপাড়ায় তাঁর পিতার ক্রয়কৃত জমি অর্পিত সম্পত্তির অন্তর্ভুক্ত হওয়ার বিষয়ে অনলাইনে অভিযোগের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করে অবহিত করার জন্য উপসচিব, আইন-৪ অধিশাখা, ভূমি মন্ত্রণালয়-কে অনুরোধ করা হয়েছে।</p> <p>৪. গত ২৫/০৯/২০১৭ তারিখের দৈনিক ইত্তেফাক পত্রিকায় 'ঘুষ নেয়ার সময় রূপগঞ্জের সার্ভেয়ার হাতে নাতে গ্রেফতার' শীর্ষক প্রকাশিত সংবাদের বিষয়ে তদন্তপূর্বক ০৭ দিনের মধ্যে একটি প্রতিবেদন প্রেরণের জন্য জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ-কে অনুরোধ করা হয়েছে।</p> <p>৫. গত ১১/০৬/২০১৭ তারিখের সাপ্তাহিক ডাকুয়া পত্রিকায় প্রকাশিত 'কুষ্টিয়া জেলা প্রশাসকের এল.এ শাখার বিবুদ্ধে সরকারের প্রায় ৪কোটি টাকা আত্মসাতের অভিযোগ' 'অভিযোগের তীর এখন সাবেক জেলা প্রশাসক সৈয়দ বেলাল হোসেন ও কানুনগোর দিকে' শিরোনামে প্রকাশিত সংবাদের বিষয়ে তদন্তপূর্বক ০১(এক) মাসের মধ্যে প্রতিবেদন প্রেরণের জন্য বিভাগীয় কমিশনার, খুলনাকে অনুরোধ করা হয়েছে।</p> <p>৬. ব্যক্তি মালিকানাধীন সম্পত্তি অর্পিত 'ক' তালিকায় প্রকাশিত গেজেট না হওয়া স্বত্বেও সহকারী কমিশনার(ভূমি), ডেমরা সার্কেল তাদের অফিসের তালিকায় অন্তর্ভুক্ত করে তাদেরকে হয়রানি থেকে পরিত্রাণ পাওয়ার অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক ১৫ কর্মদিবসের</p>		

				<p>মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য অত্র মন্ত্রণালয়ের উপসচিব জনাব মো: আব্দুর রহমানকে অনুরোধ করা হয়েছে।</p> <p>৭. রাজবাড়ী জেলার কালুখালী উপজেলার সহকারী কমিশনার(ভূমি) ও উপজেলা নির্বাহী কর্মকর্তা(ভারপ্রাপ্ত) মো: নাজমুল ইসলাম এর বিরুদ্ধে দুর্নীতি,অবৈধ কার্যকলাপ ও তার অধীনস্থ কর্মচারীদের সাথে খারাপ আচরণ এর বিরুদ্ধে অভিযোগের তদন্তপূর্বক ১৫ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য অত্র মন্ত্রণালয়ের উপসচিব জনাব মো: আব্দুর রহমানকে অনুরোধ করা হয়েছে।</p> <p>৮. টাঙ্গাইল সখিপুর থানার এসিল্যান্ড জনাব আরিফা সিদ্দিকা এর বিরুদ্ধে তদন্ত সাপেক্ষে আইনত ব্যবস্থা গ্রহণ ও জমি বুঝিয়ে দেওয়ার অভিযোগের তদন্তপূর্বক ১৫ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য অত্র মন্ত্রণালয়ের উপসচিব জনাব মো: আব্দুর রহমানকে অনুরোধ করা হয়েছে।</p> <p>৯. জনাব আলহাজ্ব আবদুল মছিব্বির, পিতা:মৃত হাজী মো: মিয়াধন, সাকিন ও ডাক:তারাপাশা, থানা: রাজনগর, জেলা: মৌলভীবাজার-কর্তৃক জলমহাল ইজারার প্রদানের বিষয়ে দাখিলকৃত অভিযোগের বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে ৩০ কর্মদিবসের মধ্যে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য জেলা প্রশাসক,মৌলভীবাজার-কে অনুরোধ করা হয়েছে।</p>		
--	--	--	--	---	--	--



(মো: মজিবর রহমান)

যুগ্ম-সচিব(প্রশাসন)

ও

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা

ফোনঃ ৯৫৪৬৫১০

E.mail:mojiburrahman3680@gmail.com

মন্ত্রিপরিষদ সচিব

মন্ত্রিপরিষদ বিভাগ

বাংলাদেশ সচিবালয়,ঢাকা

(দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব,সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা শাখা)

স্মারক নং-৩১.০০.০০০০.০৩৭.০৩.১০৪.২০১৭-৩৭১/১(৩)

তারিখ:০৯/১১/২০১৭খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

০১। উপসচিব(প্রশাসন),ভূমি মন্ত্রণালয়।

০২। সচিব মহোদয়ের একান্ত সচিব,ভূমি মন্ত্রণালয়। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৩। প্রোগ্রামার,ভূমি মন্ত্রণালয় (তাকে পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

০৪। মাস্টার কপি।

০৫। অফিস কপি।



(মো: মজিবর রহমান)

যুগ্ম-সচিব(প্রশাসন)

ও

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা